


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২-এন-৯২/৮৬-৯৭।

তারিখঃ ০২/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলার ১৩ নং ভবানীপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মাহবুবুল আলম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা-রেজিস্ট্রার, ময়মনসিংহ কর্তৃক তদন্তে আপনার বিরুদ্ধে বাল্য বিবাহ নিবন্ধন করা; অতিরিক্ত নিকাহ রেজিস্ট্রি ফি ও অতিরিক্ত নকল ফি আদায় করা; মূল ভলিউমে নিবন্ধন না করা; মোহরানার ধার্যকৃত টাকা কমবেশি লিখে নকল দেওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায়; আপনি অদ্যাবধি কারণ দর্শানোর কোন জবাব দাখিল না করায় এবং উহা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ১১ বিধি অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্সটি বাতিল করা হলো।


(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭
ফোন-৯৫৫৮২৮৭

প্রাপক :

জনাব মোঃ মাহবুবুল আলম
সাবেক নিকাহ রেজিস্ট্রার
১৩ নং ভবানীপুর ইউনিয়ন
উপজেলা-ফুলবাড়ীয়া, জেলা-ময়মনসিংহ।

কার্যার্থে বিতরণ :

- ০১। জেলা-রেজিস্ট্রার, ময়মনসিংহ (সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ড পত্র ও বাল্যম বহি জন্ম করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড/ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০২। সাব-রেজিস্ট্রার, ফুলবাড়ীয়া, জেলা-ময়মনসিংহ (তাকে বিধি মোতাবেক শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতঃ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জ্ঞাতার্থে বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।